পাবনায় শিক্ষকদের জন্য প্রযুক্তি বিষয়ে ১৪ দিনের প্রশিক্ষণ

শহর প্রতিনিধি: পাবনা শিক্ষক
প্রশিক্ষণ কলেজে ‘ডিজিটাল
কনট্যান্ট ডেভেলপমেন্ট ইন আইসিটি’
বিষয়ক ১৪ দিনের শিক্ষক প্রশিক্ষণ
কোর্সের সমাপ্তি ঘটেছে রোববার
(২২ মে)। সমাপনী দিনে
প্রশিক্ষণার্থীদের হাতে সনদ তুলে
দেওয়া হয়।

সনদপত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পাবনা জেলা পরিষদ চেয়ারম্যান এম. সাইদুল হক চুন্নু। তিনি জাতীয় জীবনে শিক্ষা এবং শিক্ষকের গুরুত্বের কথা তুলে ধরেন তাঁর বক্তব্যে। ছাত্রছাত্রীদের শুধু পুঁথিগত বিদ্যা শিখিয়ে নয়, মানবিক গুণসম্পন্ন একজন আদর্শ নাগরিক হিসেবে গড়ে তোলার জন্য তিনি শিক্ষকদের প্রতি আহ্বান জানান।

পাবনা শিক্ষক প্রশিক্ষণ কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) আবুল কালাম আজাদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন পাবনা প্রেসক্লাবের সাবেক সম্পাদক এ বি এম ফজলুর রহমান, প্রশিক্ষণের কো-অর্ডিনেটর ড. মুজিবুর রহমান।

অনুষ্ঠানে আরো বক্তব্য দেন ঈশ্বরদী মহিলা কলেজের প্রভাষক মো. জহুরুল ইসলাম, শেখ মেহেরুন্নেচ্ছা জুনিয়র হাই স্কুলের সহকারী শিক্ষক জলি পারভীন, নাটোরের নলডাঙা হাই স্কুলের শিক্ষক রতন প্রামানিক, সিরাজগঞ্জের রায়গঞ্জের শিক্ষক ইজ্জত আলী, সালমা খাতুন, এম এ সবুর মিয়া প্রমুখ।

উল্লেখ্য, পাবনা, নাটোর, সিরাজগঞ্জ ও গাইবান্ধা জেলার বিভিন্ন সরকারি ও বেসরকারি স্কুল-কলেজের ১১৭ জন শিক্ষক এই প্রশিক্ষণ কোর্সে অংশ নেন।